

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের
পিটিআই সমূহের ইন্সট্রাক্টর
(সাধারণ) [৯ম গ্রেড] পদের
লিখিত পরীক্ষা

বিজ্ঞপ্তি

স্মারক নম্বর-৮০.০০.০০০০.০১১.১১.৩২.২০১৫(অংশ-২/১৮)-৯৩

তারিখ :

০৯ জৈষ্ঠ্য ১৪২৬ বঙ্গাব্দ

২৩ মে, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পিটিআইসমূহের ইন্সট্রাক্টর (সাধারণ) [৯ম গ্রেড] এর শূন্য পদে সরাসরি পছন্দ নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময়, আসন ব্যবস্থা এবং নির্দেশাবলি।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পিটিআইসমূহের ইন্সট্রাক্টর (সাধারণ) [৯ম গ্রেড] পদে প্রার্থীদের ৪ ঘণ্টা ব্যাপী লিখিত পরীক্ষা নিম্নলিখিত তারিখ, সময়, আসন ব্যবস্থা এবং জরুরি নির্দেশাবলী নিম্নে দেওয়া হলো :


লিখিত পরীক্ষার তারিখ, সময়, আসন ব্যবস্থা ও জরুরি নির্দেশাবলী

পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও নম্বর	প্রার্থীর সংখ্যা	কেন্দ্রের নাম	পরীক্ষার তারিখ ও সময়
১ম শ্রেণির(৯ম গ্রেড) ইন্সট্রাক্টর(সাধারণ) তারিখ : ০৯.০৯.২০১৮ বিজ্ঞপ্তি নম্বর : ৭১	৬১১ জন	শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।	তারিখ : ১৮ জুন ২০১৯ রোজ : মঙ্গলবার অপরাহ্ন ০১.০০ টা থেকে বিকাল ০৫.০০ টা পর্যন্ত

- প্রার্থীদের নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। অনলাইনে প্রাপ্ত প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর <http://bpsc.teletalk.com.bd> ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করবেন।
- প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘণ্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।
- প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে।
- হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি ও প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ভূয়া প্রার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, ভ্যানিটি ব্যাগ, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের আগামী ১২.০৬.২০১৯ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-১১ বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে।

ক্রমশ : ২

১০. প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক কমিশনে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতিপত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে।
১১. পরীক্ষার সময় প্রার্থীগণ কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে। পরীক্ষার হলে প্রার্থীগণ গহণা- অলংকার জাতীয় কিছু ব্যবহার করবেন না। পরীক্ষার হলে ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড সদৃশ কোনো কিছু বহন করা যাবে না।
১২. সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। তবে সাইন্টিফিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না।
১৩. প্রার্থীদের বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-৪০ ও টেকনিক্যাল (শিক্ষা)-৮০ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘন্টার লিখিত পরীক্ষা অংশগ্রহণ করতে হবে।
১৪. প্রার্থীকে পরীক্ষা হলে একই সাথে ০৪টি বিষয়ের জন্য ০৪টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীগণকে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও টেকনিক্যাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
১৫. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর(substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
১৬. বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।



[মোঃ নজরুল ইসলাম]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]
[যুগ্মসচিব]